মেহেরপুরে কৃষক দলের বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

তারেক রহমানের বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা কৃষক দলের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার চাঁদপুরে ভৈরব নদের তীরে এ কর্মসূচির উদ্বোধন করেন সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় তিনি পরিবেশের ভারসাম্য রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় বেশি বেশি গাছ লাগানোর আহ্বান জানান।

তিনি বলেন, বৃক্ষরোপণ শুধু পরিবেশ রক্ষাই নয়, ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও সবুজ বাংলাদেশ গড়ারও গুরুত্বপূর্ণ উদ্যোগ।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমানসহ কৃষক দল ও বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

অনুষ্ঠানের অংশ হিসেবে ভৈরব নদের তীরে বিভিন্ন প্রজাতির বৃক্ষের চারা রোপণ করা হয়।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয় চত্বরে ফলজ ও বনজ গাছের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, প্রধানমন্ত্রীর উদ্যোগে সারাদেশে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সেই কর্মসূচির সঙ্গে একাত্মতা প্রকাশ এবং শিক্ষার্থীদের বেশি বেশি বনজ ও ফলজ গাছ রোপণে উদ্বুদ্ধ করতেই এ কর্মসূচির আয়োজন করা হয়।

সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য ড. তোজাম্মেল হোসেন বলেন, সরকার দায়িত্ব গ্রহণের পর প্রধানমন্ত্রী তারেক রহমান সারাদেশে বৃক্ষরোপণের একটি চমৎকার উদ্যোগ গ্রহণ করেছেন। এ উদ্যোগের মাধ্যমে একদিকে যেমন পরিবেশের ভারসাম্য রক্ষা করা হবে, অন্যদিকে দেশের সবুজায়ন বৃদ্ধি, পরিবেশ সংরক্ষণ ও সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে বিভিন্ন প্রজাতির ফুল, ফল, বনজ ও ঔষধি গাছ রোপণ করা হচ্ছে।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, “প্রত্যেকে যদি একটি করে গাছের চারা রোপণ করি, তাহলে পরিবেশের ভারসাম্য রক্ষা পাবে। পাশাপাশি আমাদের পুষ্টির চাহিদা পূরণ হবে এবং বনজ গাছের মাধ্যমে প্রয়োজনীয় কাঠের সরবরাহও বৃদ্ধি পাবে।”

তিনি সবাইকে বৃক্ষরোপণ কর্মসূচি সফল করতে এগিয়ে আসার আহ্বান জানান।

গাংনীতে কসবা ব্লাড ব্যাংক জনকল্যাণ সংস্থার বৃক্ষরোপণ কর্মসূচি

একটি গাছ, একটি প্রাণ সবুজ হোক আমাদের ভবিষ্যৎ—এই স্লোগানকে সামনে রেখে কসবা ব্লাড ব্যাংক জনকল্যাণ সংস্থার উদ্যোগে সফলভাবে সম্পন্ন হয়েছে ‘বৃক্ষরোপণ কর্মসূচি-২৬।

বৃহস্পতিবার (১৬ জুলাই) বেলা ১২টার দিকে কসবা ও ভাটপাড়ার পাঁচটি শিক্ষাপ্রতিষ্ঠানে স্থানীয় জনসাধারণের মাঝে চার শতাধিক ফলজ ও বনজ চারাগাছ বিতরণ করা হয়। পরিবেশের ভারসাম্য রক্ষা এবং সবুজ ও

বাসযোগ্য পৃথিবী গড়ার লক্ষ্যেই সংস্থাটি এই মহতী উদ্যোগ গ্রহণ করে।

কর্মসূচি চলাকালে কসবা ব্লাড ব্যাংক জনকল্যাণ সংস্থার সভাপতি মোঃ রাসেল আহমেদ বলেন, “সবুজে ঘেরা একটি সুন্দর, নিরাপদ ও বাসযোগ্য পরিবেশ গড়ে তুলতেই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। আজকের লাগানো একটি গাছই আগামী প্রজন্মের জন্য নির্মল বাতাস, ছায়া ও সুস্থ পরিবেশের নিশ্চয়তা দিতে পারে।”

এছাড়াও সভাপতি সহ সংগঠনের অন্যান্য সদস্যদের সাথে নিয়ে এ কার্যক্রম পরিচালনা করা হয়।

চারাগাছ বিতরণ কার্যক্রমে সংস্থাটির সাধারণ সম্পাদক মো. সাগর ইসলাম, ক্রীড়া বিষয়ক সম্পাদক সৌরভ, শিক্ষা বিষয়ক সম্পাদক মো. সাব্বির আহমেদ, সদস্য ফারুক, সিয়াম, সোহেল ও হুছাইনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংস্থাটির পক্ষ থেকে এই কার্যক্রমে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করেছেন এবং যারা উৎসাহ জুগিয়েছেন, তাদের সবার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও দোয়া জানানো হয়েছে।

ঝিনাইদহে র্যালি ও বৃক্ষরোপণ কর্মসূচি

প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে র্যালি ও বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১ জুলাই) ঝিনাইদহস্থ ঢাকা বিশ্ববিদ্যালয় এক্স স্টুডেন্ট এসোসিয়েশন (ডুসাজ) এর আয়োজনে এই কর্মসূচি পালন করা হয়।

দিবসের শুরুতে ঢাবির সাবেক শিক্ষার্থীদের অংশ গ্রহনে সরকারি কেশব চন্দ্র কলেজ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে গিয়ে

শেষ হয়।

এসময় তারা সরকারি বালিকা বিদ্যালয় মাঠে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন এবং বিভিন্ন প্রজাতির ফলজ ও বনজ গাছের চারা রোপণ করেন।

এ কর্মসূচীতে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় এক্স স্টুডেন্ট এসোসিয়েশন (ডুসাজ) এর সভাপতি অবসরপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর মোহাব্বত হোসেন টিপু, সাধারণ সম্পাদক (অবঃ) শিশু বিষয়ক কর্মকর্তা আয়ুব হোসেন রানা, সাবেক ঢাবিয়ান হাসানুজ্জামান, মাসুদুল আলম, রিগান, আব্দুল লতিফ, শরীফুল ইসলাম, প্রফেসর খুরশীদ আলম মল্লিকসহ অন্যান্যরা।

মেহেরপুরে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনা অনুযায়ী সারাদেশের ন্যায় মেহেরপুরে বৃক্ষরোপণ ও চারা বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেলে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের প্রাঙ্গণে এ কর্মসূচির আয়োজন করা হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃক্ষরোপণ ও চারা বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও পৌরসভার প্রশাসক পার্থ প্রতিম শীল, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধর, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সঞ্জীব মৃধা, উপজেলা খাদ্য কর্মকর্তা এরশাদ আলী, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষক আমিনুল ইসলাম, বন কর্মকর্তা এইচ টি ইমাম এবং বিআরডিবির কর্মকর্তা

রকিবুল ইসলাম।

এছাড়াও জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ উদ্দিন, সাধারণ সম্পাদক সাইদুল হক, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, আলমগীর হোসেন, আনোয়ারুল হক কালু, কাজী মিজান মেনন, নাসির উদ্দিনসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা এবং আগামী প্রজন্মের জন্য একটি সবুজ ও বাসযোগ্য বাংলাদেশ গড়ে তুলতে ব্যাপক হারে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। তারা শুধু গাছ লাগানো নয়, বরং রোপণকৃত গাছের যথাযথ পরিচর্যার প্রতিও গুরুত্বারোপ করেন।

আলমডাঙ্গায় ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান, এমপির দেশব্যাপী “০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ” কর্মসূচির আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করেছেন।

শনিবার কক্সবাজারের চকরিয়া উপজেলার ডুলাহাজারায় আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে ঐতিহাসিক এ কর্মসূচির উদ্বোধন করা হয়।

একই সঙ্গে দেশের সকল জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে একযোগে বৃক্ষরোপণ কার্যক্রম শুরু হয়।এই কার্যক্রমের ধারাবাহিকতায় জাতীয় কর্মসূচির অংশ হিসেবে আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ চত্বরে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শাহীনা আক্তার,কৃষি কর্মকর্তা কৃষিবিদ মাসুদ হোসেন

পলাশ,মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন সহ প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম রোকন প্রমুখ এ সময় বক্তারা বলেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা, পরিবেশের ভারসাম্য রক্ষা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সবুজ ও বাসযোগ্য বাংলাদেশ গড়ে তুলতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই।

সরকারের ঘোষিত “৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ” কর্মসূচি সফল করতে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়।

অনুষ্ঠান শেষে উপস্থিত অতিথিরা উপজেলা চত্বরে বিভিন্ন প্রজাতির ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করেন এবং পরিবেশ সংরক্ষণে জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

কোটচাঁদপুরে পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা, পরিবেশের ভারসাম্য রক্ষা এবং সবুজ বাংলাদেশ গড়ার লক্ষ্যে দেশব্যাপী পাঁচ বছর মেয়াদি ‘২৫ কোটি বৃক্ষরোপণ’ কর্মসূচির অংশ হিসেবে ঝিনাইদহের কোটচাঁদপুরে আনুষ্ঠানিকভাবে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

শনিবার (১৩ জুন) দুপুর সাড়ে ১২টায় উপজেলা প্রশাসন ও উপজেলা সামাজিক বনায়ন নার্সারী এবং প্রশিক্ষণ কেন্দ্রের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে আমলকী ও অর্জুন গাছের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন অতিথিরা। পরে উপজেলার কুশনা ইউনিয়নের আমেরিকা সড়কে ফলজ, বনজ, ঔষধি ও কাঠজাতীয় বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) দীপা রানী সরকারের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ জাহিদ হোসেন, কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ আনসারুল্লাহ, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক মো. লিয়াকত আলী, পৌর জামায়াতের আমির মাওলানা আব্দুল কাইয়ুম, উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভূঁইয়া, এনসিপি প্রতিনিধি হৃদয় আহসান, সাংবাদিক এস এম রায়হান উদ্দীন, সাংবাদিক মঈন উদ্দিন খান, উপজেলা বনায়ন প্রকল্পের এফজি কামরুজ্জামানসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা।

উদ্বোধনী অনুষ্ঠানে ইউএনও দীপা রানী সরকার বলেন, “পরিবেশের ভারসাম্য রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবিলায় বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। প্রধানমন্ত্রীর এই মহতী উদ্যোগকে সফল করতে কোটচাঁদপুর উপজেলার সর্বস্তরের মানুষকে স্বতঃস্ফূর্তভাবে গাছ লাগাতে হবে এবং রোপিত গাছের পরিচর্যায়ও আন্তরিক হতে হবে।”

তিনি আরও বলেন, উপজেলা প্রশাসনের পক্ষ থেকে কর্মসূচির সফল বাস্তবায়নে প্রয়োজনীয় সব ধরনের প্রশাসনিক সহযোগিতা ও তদারকি অব্যাহত থাকবে।

অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরের কর্মকর্তা, পরিবেশবাদী সংগঠনের প্রতিনিধি, স্থানীয় সাংবাদিক, শিক্ষার্থী এবং সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন।

উপস্থিত বক্তারা পরিবেশ রক্ষা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী গড়ে তুলতে বেশি বেশি বৃক্ষরোপণের ওপর গুরুত্বারোপ করেন।

আলমডাঙ্গায় নবগঠিত কলেজ

ছাত্রদলের বৃক্ষরোপণ ও দোয়া মাহফিল

আলমডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজে নবগঠিত ছাত্রদলের উদ্যোগে দোয়া মাহফিল, বৃক্ষরোপণ ও পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১০টার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজ ক্যাম্পাসে নবগঠিত সরকারি কলেজ শাখা ছাত্রদলের উদ্যোগে প্রথম দিনের কর্মসূচি পালন করা হয়।

দিনব্যাপী এই কর্মসূচির মধ্যে ছিল দোয়া মাহফিল, বৃক্ষরোপণ এবং নবনির্বাচিত কমিটির পরিচিতি পর্ব।

অনুষ্ঠানের শুরুতেই সাবেক তিনবারের প্রধানমন্ত্রী, আপোষহীন গণতন্ত্রের প্রতীক দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে ছাত্রদলের নেতাকর্মীরা দেশনেত্রীর দীর্ঘায়ু ও সুস্থতা কামনা করেন।

পরে নবগঠিত আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদল কমিটির সদস্যদের নিয়ে ক্যাম্পাসে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। পরিবেশ রক্ষায় ছাত্রদলের এই উদ্যোগকে উপস্থিত সবাই স্বাগত জানান।

অনুষ্ঠানে উপজেলা ছাত্রদল, পৌর ছাত্রদলসহ কলেজ ও বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, নবগঠিত ছাত্রদল শাখাটি সংগঠনকে আরও শক্তিশালী করতে কাজ করবে এবং শিক্ষার্থীদের অধিকার আদায়ের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

পরিচিতি পর্বে নবগঠিত কমিটির নেতারা নিজেদের ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন এবং সংগঠনকে সুসংগঠিত করার প্রত্যয় ব্যক্ত করেন।

এই কর্মসূচির মধ্য দিয়ে আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদল তাদের সাংগঠনিক যাত্রার নতুন অধ্যায়ের সূচনা করে।

“আমরা আলমডাঙ্গার সন্তান” সংগঠনের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি

আলমডাঙ্গায় সামাজিক সংগঠন ‘আমরা আলমডাঙ্গার সন্তান’ এর উদ্যোগে “সবুজায়ন ও সৌন্দর্য্যবৃদ্ধি” কর্মসূচীর অংশ হিসেবে আলমডাঙ্গা কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে বৃক্ষরোপণ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে এই বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সরকারি স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, শেখ আব্দুল জব্বার,খোঃ শান্তন, শেখ আমিনুল ইসলাম (লিন্টু), মোশতাক আহমেদ (অঞ্জন), মেহেদী হাসান, আব্দুল্লাহ আল মামুন সোহেল, খোঃ এনায়েত সালেহীন (খসরু), রেজোয়ানুল আবেদ তুষার, খোঃ আলিফ, মাহাদী হোসেন মহান সহ আরও অনেকে।

ঢাকাস্থ আলমডাঙ্গার বসবাসকারী বিভিন্ন শ্রেণী পেশার মানুষেরা ঐক্যবদ্ধ হয়ে নিজ জন্মভূমির জন্য ভাল কিছু করার প্রত্যাশা নিয়ে গড়ে তুলেছে সামাজিক সংগঠন আমরা আলমডাঙ্গার সন্তান। “আলমডাঙ্গার মানুষের মঙ্গলের জন্য,সেবামূলক কর্মকাণ্ড নিয়ে এগিয়ে যাবে এই সংগঠন ” বলে প্রত্যয় ব্যক্ত করেছেন সংগঠনের সদস্যরা ও সমাজের সুধীজন।

আলমডাঙ্গায় আলোকিত মাধবপুর সংগঠনের উদ্যোগে খেজুরগাছ রোপণ

আলমডাঙ্গায় আলোকিত মাধবপুর সংগঠন উদ্যোগে এলাকায় স্বেচ্ছাশ্রমে খেজুরগাছ রোপণ করেছে।

পরিবেশের বাস্তুরীতি এবং ভারসাম্য রক্ষায় খেজুর গাছের অবদান অপরিসীম। খেজুরের রস দাক্ষাশর্করা হিসেবে মানব দেহে শর্করার চাহিদা মেটাতে সাহায্য করে। রস অতিস্বাদের পানীয়। খেজুর ফলে প্রচুর পরিমানে প্রোটিন যুক্ত হওয়ায় মানুষের জৈবিক ও দৈহিক শক্তির যোগান দেয়। খেজুর পাতা পাটি, বিছানা, ঘর, ঝাড়ু তৈরি করতে ব্যাবহৃত হয়। খেজুর গাছ খড়ি হিসেবেও ব্যাবহার করা হয়।

খেজুর, তাল, নারিকেল গাছ বজ্রনিরোধক হিসেবেও কাজ করে। আকাশের মেঘ আকর্ষণ করে বৃষ্টি ঝরায়। খেজুর গাছের এই সব উপকারীতা উপলব্ধি করে এলাকার যুব সমাজ স্বেচ্ছা শ্রমে নিজ অর্থায়নে রাস্তার দুপাশে খেজুর গাছ লাগিয়েছিলেন।

এই বৃক্ষরোপণ কর্মসূচি তে উপস্থিত ছিলেন, আলোকিত মাধবপুর সংগঠনের সভাপতি রাসেল আহমেদ, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন আলমডাঙ্গা উপজেলা শাখার সাধারণ সম্পাদক সহিদুল ইসলাম, মাধবপুর মডেল হাইস্কুলের প্রধান শিক্ষক আশরাফ জাহান আবেদ, মাধবপুর ওয়ার্ড ইউপি সদস্য আনিছুর রহমান, জামায়াতে ইসলামীর ওয়ার্ড সেক্রেটারি সজীব আহমেদ, মোঃ মেহেদী হাসান মাসুম, মোঃ রফিকুল ইসলাম, মোঃ জীবন প্রমুখ।